

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালক এর কার্যালয়
সংগ্রহ শাখা
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.২৬০০.০১৩.৯৯.০৪৩.১৯ (অংশ-১)-২০

তারিখঃ ১১.০১.২০২০


বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের প্রকৌশল এবং সংকেত ও টেলিযোগাযোগ বিভাগের আওতায় e-GP সিস্টেমে দরপত্রসমূহ আহবানে আদর্শ দলিলের যথাযথ ব্যবহার প্রসঙ্গে।

বাংলাদেশ রেলওয়ের প্রকৌশল এবং সংকেত ও টেলিযোগাযোগ বিভাগের আওতায় e-GP সিস্টেমের মাধ্যমে দরপত্র আহবান, মূল্যায়ন ও প্রক্রিয়াকরণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। পিপিআর-২০০৮, বিধি-৪(১) মোতাবেক কোন সরকারি কাজে তফসিল-১ (Schedule-I) এ বর্ণিত আদর্শ দলিল ব্যবহারের আবশ্যিকতা রয়েছে।

e-GP সিস্টেমের মাধ্যমে আহবানকৃত দরপত্রসমূহের ক্ষেত্রেও উক্ত তফসিল-১ (Schedule-I) এ আদর্শ দলিল নির্ধারিত রয়েছে। সে অনুযায়ী নির্ধারিত আদর্শ দরপত্র দলিলের সকল শর্তাদি/নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা প্রয়োজন।

বর্ণিতাবস্থায়, বাংলাদেশ রেলওয়ের প্রকৌশল এবং সংকেত ও টেলিযোগাযোগ বিভাগের আওতায় e-GP সিস্টেমের মাধ্যমে দরপত্র আহবান, মূল্যায়ন ও প্রক্রিয়াকরণ কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের নিমিত্ত পিপিআর-২০০৮, তফসিল-১ (Schedule-I) এ নির্ধারিত আদর্শ দলিল ও সংশ্লিষ্ট নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

এতে অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) মহোদয়ের অনুমোদন রয়েছে।


(মু: ইরফানুল ইসলাম)
উপ-পরিচালক (সংগ্রহ)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। প্রধান প্রকৌশলী (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
- ২। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে-জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
- ৩। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। (বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে স্থায়ীভাবে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ)

সিএসটিই (টেলিকম) এর দপ্তর	
অতিঃ সিএসটিই (টেলিকম)	
ডিএসটিই (টেলিকম) সদর	
ডিডি (টেলিকম)	
ডিডি (সিএস), এডি (আইডি)	
এসএস (সিএস) ওএসএস (আইডি) জনাকসে	
ডায়েরী নং	৩৭/১২/২০
তারিখঃ	১১/০১/২০